তারিখ 30 OCT 2016
পৃষ্ঠা ... কলাম ...

যুগান্তর

# সত্য সংবাদ যত কঠিনই হোক খুঁজে বের করতে হবে

—ঢাবি ভিসি

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

সত্য সংবাদ যত কঠিনই হোক তা খুঁজে বের করতে সাংবাদিকদের প্রতি আহ্বান জানিয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। ঢাকা বিশ্ববিদ্যালয়, গণযোগাযোগ ও সাংবাদিকতা অ্যালামনাই অ্যাসোসিয়েশনের (ডিইউএমসিজেএএ) নির্বাহী পরিষদের নবগঠিত কমিটির অভিষেক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। শনিবার বিশ্ববিদ্যালয়ের টিএসসি মিলনায়তনে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

সংগঠনের সদ্য বিদায়ী সভাপতি মো. আলমগীর হোসেনের সভাপতিত্বে অভিষেক অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য দেন অ্যালামনাইয়ের সাবেক সভাপতি প্রধান তথ্য কমিশনার গোলাম রহমান, সাবেক শিল্পমন্ত্রী দিলীপ বড়ুয়া, সংগঠনের প্রধান উপদেষ্টা সাখাওয়াত আলী খান, সাবেক চেয়ারম্যান শেখ আবদুস সালাম, সাবেক সম্পাদক স্বপন কুমার দাস, শিল্পী ফকির আলমগীর ও অভিষেক প্রস্তুতি কমিটির আহ্বায়ক আহমেদ পিপুল।

সাবেক জেষ্ঠ্য সচিব আবু আলম মো. শহীদ খান ২০১৬-১৮ বছরের নতুন কার্যনির্বাহী কমিটির সভাপতি এবং সাংবাদিকতা বিভাগের চেয়ারপারসন মফিজুর রহমান সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন। আনুষ্ঠানিকভাবে নতুন কমিটিকে দায়িত্ব বুঝিয়ে দেয়া হয়। এর আগে নতুন কমিটির সদস্যদের ক্রেস্ট দেয়া হয়। এছাড়া সাতটি স্ট্যান্ডিং কমিটির নাম ঘোষণা করা হয়। অনুষ্ঠান শেষে সাংস্কৃতিক অনুষ্ঠান ও নৈশভোজ অনুষ্ঠিত হয়।

সভাপতি ও সাধারণ সম্পাদক ছাড়াও ৪১ সদস্যবিশিষ্ট কমিটিতে সহসভাপতি হয়েছেন কাজী রওনাক হোসেন, ফরিদা ইয়াসমিন, কাজী মোয়াজ্জেম হোসেন ও এম কামালউদ্দিন জসীম, যুগ্ম সাধারণ সম্পাদক হয়েছেন সাবরিনা সুলতানা চৌধুরী, মীর আত্তাকী মাসরুরুজ্জামান রনি, মো. গিয়াসউদ্দিন আহমেদ, সঞ্জীব চ্যাটার্জি ও আহমেদ পিপুল, সহকারী সাধারণ সম্পাদক হয়েছেন জুনায়েদ আহমদ হালিম, সুজন মাহমুদ ও জেসমিন জাহান মুন।